নিষ্কৃতি মৃত্যু চেয়ে রাষ্ট্রপতিকে চিঠি মা–মেয়ের

কানপুর, ১৩ মার্চ ঃ পেশির ক্ষয়জনিত রোগে ভুগছেন কানপুরের দুই বাসিন্দা শশী মিশ্র (৫৯) ও তাঁর কন্যা অনামিকা মিশ্র (৩৩)। ডাক্তারি পরিভাষায় মাসকুলার ডিসট্রোফি হয়েছে তাঁদের। বছর ১৫ আগে এই রোগেই মৃত্যু হয়েছিল অনামিকার বাবার। তাঁরাও আক্রান্ত। মিশ্র পরিবারের আর্থিক জোর নেই। দেখাশোনারও কেউ নেই তাঁদের। এখন জীবন থেকে অব্যাহতি চাইছেন তাঁরা। পরোক্ষ নিষ্কৃতি মৃত্যুর জন্য মা ও মেয়ে চিঠি লিখেছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দকে।

মায়ের সঙ্গে তাঁরও নিষ্কৃতি মৃত্যু চেয়ে রাষ্ট্রপতির কাছে সরাসরি চিঠি পাঠিয়েছেন অনামিকা বলে জানিয়েছেন কানপুরের জেলাশাসক রাজনারায়ণ পান্ডে। তবে, শুধু রাষ্ট্রপতিকে নয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি দীপক মিশ্রকেও চিঠি দিয়েছেন তিনি। চিঠির বক্তব্য, ‘চিকিৎসার জন্য আমাদের আর্থিক সাহায্য করা হোক অথবা আমাদের নিষ্কৃতি মৃত্যু মঞ্জুর হোক। আমার বাবা গঙ্গা মিশ্রও এই রোগে মারা গিয়েছিলেন। আমাদের দেখভালের কেউ নেই। মাসকুলার ডিসট্রোফিতে মা–ও যে আক্রান্ত হয়েছেন তা তিনি জানতে পেরেছিলেন ১৯৮৫ সালে।’ চিকিৎসাশাস্ত্রে মাসকুলার ডিসট্রোফিকে জিনঘটিত রোগ বলা হয়েছে। এই রোগের ফলে মাংসপেশি শুকিয়ে যায়। ভেঙে পড়ে চেহারা। দুর্বল থেকে দুর্বলতর হয়ে পড়ে শরীর।

অনামিকার চিঠির প্রেক্ষিতে কানপুরের জেলাশাসক জানিয়েছেন, এবিষয়ে সরকারের কাছে আবেদন জমা পড়লে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে তাঁদের অর্থ সাহায্য করা হবে। অনামিকা জানিয়েছেন, অতীতেও তাঁরা তাঁদের অবস্থার কথা জানিয়ে সরকারের কাছে চিঠি পাঠিয়েছেন। রক্ত দিয়ে লেখা চিঠি পাঠানো হয়েছিল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে। তদানীন্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়কেও চিঠি দেওয়া হয়েছিল। চিঠিতে আর্থিক সাহায্যের আবেদন জানানো হয়েছিল। ৫০ হাজার টাকা সাহায্য পেয়েছিলেন। কিন্তু মা ও মেয়ের চিকিৎসার পক্ষে তা যথেষ্ট নয় বলে জানিয়েছেন অনামিকা মিশ্র। ৯ মার্চ সুপ্রিমকোর্ট পরোক্ষ নিষ্কৃতি মৃত্যুতে সায় দিয়েছে। সেজন্য উইল করার নির্দেশও দিয়েছে।

আধার নিয়ে সংসদে ধরনায় তৃণমূল

বিশেষ সংবাদদাতা, নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ সংসদে বিভিন্ন ইশ্যু নিয়ে তৃণমূলের ধরনা অব্যাহত। গতকাল নির্বাচনি সংস্কার নিয়ে সরব হওয়ার পর আজ সংসদ চত্বরে গান্ধিমূর্তির পাদদেশে আধারের বিরোধিতায় সরব হল তৃণমূল। অন্যান্য দিনের মতো এদিনও সকাল সকাল গান্ধিমূর্তির সামনে প্ল্যাকার্ড হাতে জড়ো হন তৃণমূলের অধিকাংশ সাংসদ। আধার তথ্যকে মোবাইল সহ সোশ্যাল নেটওয়ার্কের সঙ্গে সংযুক্তিকরণের তুমুল বিরোধিতা করেন সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় সহ প্রায় সব সাংসদ। কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে গান্ধিমূর্তির চত্বরে আধার হটাও, দেশ বাঁচাও শীর্ষক স্লোগানও দেন তৃণমূল সাংসদরা। আধঘণ্টারও বেশি সময় ধরে চলে তৃণমূলের ধরনা। তৃণমূলের সংসদীয় দলনেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় জানান, আধার নিয়ে বিরোধিতার প্রথম ডাক দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আধারকার্ডের মাধ্যমে বিজেপি সরকার দেশের সাধারণ মানুষের ব্যক্তিগত জীবনে উঁকিঝুঁকি দিতে চাইছে। এতে গোপনীয়তা নষ্ট হবে জনগণের। সুদীপ বলেন, আধার প্রসঙ্গে দেশের অভ্যন্তরীণ সুরক্ষার যে যুক্তি দিচ্ছে কেন্দ্র তা নিতান্তই অজুহাত। ব্যাংক অ্যাকাউন্ট সহ মোবাইল নম্বরের সঙ্গে আধার সংযুক্তিকরণের সময়সীমা অনির্দিষ্টকালের জন্য বাড়িয়ে দিল সর্বোচ্চ ন্যায়ালয়।

নতুন মার্কিন বিদেশসচিব মাইক পম্পিও

ওয়াশিংটন, ১৩ মার্চ ঃ বিদেশসচিবের পদ থেকে রেক্স টিলারসনকে সরিয়ে দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। গুপ্তচর সংস্থা সিআইএ’র প্রধান মাইক পম্পিওকে বিদেশসচিবের দায়িত্ব দেওয়া হয়েছে। মঙ্গলবার টুইট করে বিদেশসচিব পদে বদলের কথা ঘোষণা করেন ট্রাম্প। তিনি বলেন, ‘সিআইএ প্রধান মাইক পম্পিও নতুন বিদেশসচিব হচ্ছেন। আশাকরি তিনি দারুণ কাজ করবেন। বিদেশমন্ত্রকের দায়িত্ব ভালোভাবে সামলানোর জন্য রেক্স টিলারসনকে ধন্যবাদ। গুপ্তচর বিভাগের নির্দেশকের দায়িত্ব দেওয়া হয়েছে জিনা হ্যাসপেলকে।’ মার্কিন ইতিহাসে জিনাই প্রথম মহিলা যিনি সিআইএ প্রধানের দায়িত্ব পেলেন। কিছুদিন ধরেই উত্তর কোরিয়া ও ইরান নিয়ে বিদেশসচিব টিলারসনের সঙ্গে ট্রাম্পের মতবিরোধ নিয়ে জল্পনা চলছিল আমেরিকায়। গত অক্টোবর মাসে মার্কিন সংবাদমাধ্যমে টিলারসনের পদত্যাগ নিয়ে খবর প্রকাশিত হয়েছিল। শেষপর্যন্ত সাংবাদিক সম্মেলন ডেকে পদত্যাগের জল্পনায় ইতি টানেন টিলারসন। সম্প্রতি উত্তর কোরিয়ার প্রেসিডেন্ট কিম জং উনের সঙ্গে আলোচনার প্রস্তাবে সায় দিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। যদিও পিয়ংইয়ংয়ের সঙ্গে আলোচনায় বসা নিয়ে ট্রাম্প সরকারের অন্দরে বিতর্ক দানা বেঁধেছে। শর্তসাপেক্ষে উত্তর কোরিয়ার সঙ্গে আলোচনায় বসার পক্ষপাতী ছিলেন টিলারসন। যদিও কিম জং উনের সঙ্গে বৈঠকের জন্য কোনো শর্তের কথা উল্লেখ করেননি ট্রাম্প। গত সপ্তাহে অবশ্য উত্তর কোরিয়া প্রসঙ্গে মার্কিন প্রেসিডেন্টের অবস্থানকেই সমর্থন করেছিলেন টিলারসন। কূটনৈতিক বিশেষজ্ঞদের মতে, উত্তর কোরিয়া ও ইরান নিয়ে বরাবরই কঠোর অবস্থানের সমর্থক পম্পিও। বর্তমান পরিস্থিতিতে বিদেশসচিব পদে তাঁর মনোনয়ন যথেষ্ট গুরুত্বপূর্ণ।

তড়িঘড়ি ফিরলেন হাসিনা

ঢাকা, ১৩ মার্চঃ নেপালে বাংলাদেশি বিমান দুর্ঘটনার প্রেক্ষিতে সিঙ্গাপুর সফর কাটছাঁট করে এক দিন আগেই দেশে ফিরে এলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ছ’টা নাগাদ বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিমানে তিনি ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছোন। গতকাল রাতেই তিনি বিমান দুর্ঘটনায় নিহতদের প্রতি একটি ভিডিয়োবার্তায় শোকজ্ঞাপন করেছিলেন। সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লোংয়ের আমন্ত্রণে গত রবিবার সিঙ্গাপুরে যান হাসিনা। সংক্ষিপ্ত সফরে বাণিজ্য সংক্রান্ত দুটি চুক্তি স্বাক্ষরিত হয় দুই দেশের।

ফড়নবিশের প্রতিশ্রুতি

মুম্বই, ১৩ মার্চ ঃ ঘাম দিয়ে জ্বর ছেড়েছে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশের। কৃষকদের সব দাবি মেনে নেওয়ায় এ বারের মতো অবরোধের হাত থেকে রক্ষা পেয়েছে তাঁর সরকার। মঙ্গলবার তিনি জানিয়েছেন, ২০০১–’০৯–এ রাজ্যের যেসব কৃষক ঋণ নিয়ে শোধ দিতে পারেননি এবং যাঁরা ২০০৮–এ ঋণ মকুবের সুযোগ থেকে বঞ্চিত হয়েছেন, তাঁদের সকলকেই ২০১৭–র ঋণ মকুবের তালিকায় অন্তর্ভুক্ত করা হবে। মঙ্গলবার বিধানসভায় গতকাল কৃষক প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের রিপোর্ট দেওয়ার সময় মুখ্যমন্ত্রী জানান, রাজ্যের এক জন কৃষকও যাতে না ছত্রপতি শিবাজি মহারাজা শেতকারি সম্মান যোজনা থেকে বাদ যান, তা নিশ্চিত করবে তাঁর সরকার।



বাড়ল আধার সংযোগের সময়সীমা

নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ যাঁরা এখনও ব্যাংক অ্যাকাউন্ট, মোবাইল নম্বরের সঙ্গে আধার সংযোগ করাননি মঙ্গলবার তাঁদের খানিকটা স্বস্তি দিল সুপ্রিমকোর্ট। অনির্দিষ্টকালের জন্য আধার সংযোগের সময়সীমা বৃদ্ধি করেছে শীর্ষ আদালত। আজ প্রধান বিচারপতি দীপক মিশ্রর নেতৃত্বাধীন পাঁচ সদস্যের সংবিধান বেঞ্চ এক অন্তর্বর্তী রায়ে বলেছে, আধার মামলার নিষ্পত্তি হওয়া পর্যন্ত ১২ সংখ্যার বায়োমেট্রিক সংখ্যা সংযোগের সময়সীমা বাড়ানো হল। মোবাইল নম্বর, ব্যাংক অ্যাকাউন্ট, প্যান কার্ড ইত্যাদি একাধিক ক্ষেত্রে আধার সংযোগের সময়সীমা আগামী ৩১ মার্চ। কিন্তু আবেদনকারীদের আইনজীবীরা জানান, যেহেতু আধার সংযোগের শেষ তারিখ এগিয়ে আসছে, সেহেতু এই সময়সীমা বাড়ানো হোক।

কেন্দ্রের তরফে আগেই ইঙ্গিত দেওয়া হয়েছিল, অতীতের মতো আগামীদিনেও আধার সংযোগের সময়সীমা বাড়ানো হতে পারে। ইতিমধ্যেই মোবাইল পরিসেবা প্রদানকারী সংস্থাগুলি আগামী ৩১ মার্চের মধ্যে আধার নম্বর সংযোগের জন্য গ্রাহকদের এসএমএস পাঠানো এবং ফোন করা শুরু করেছে। ব্যাংকগুলির তরফেও একইবার্তা দেওয়া হচ্ছে। কিন্তু সুপ্রিমকোর্টের এদিনের অন্তর্বর্তীকালীন নির্দেশ আপাতত আধার সংযোগের জন্য ইঁদুর দৌড়ের হাত থেকে রক্ষা করেছে সাধারণ মানুষকে। গত ৭ মার্চ সংবিধান বেঞ্চ জানিয়েছিল, ৩১ মার্চের মধ্যে আধার সংক্রান্ত মামলার নিষ্পত্তি হওয়া সম্ভব নয়। বিচারপতিরা এও জানিয়েছিলেন, শেষমুহূর্তে আধার সংযোগের সময়সীমা বাড়ানো হলে সমস্যা হবে। এদিন সুপ্রিমকোর্ট তৎকাল পাসপোর্ট জারির জন্য আধার বাধ্যতামূলক করার বিরোধিতা করেছে। সংবিধান বেঞ্চ বলে, তৎকাল পাসপোর্ট জারি করার জন্য কেন্দ্রীয় সরকার আধারকে বাধ্যতামূলক করতে পারে না। তবে সংবিধানের সাত নম্বর অনুচ্ছেদ অনুযায়ী, ভরতুকি এবং সুযোগসুবিধা পাওয়ার ক্ষেত্রে আধার যে জরুরি সেটাও স্পষ্ট করে দিয়েছে শীর্ষ আদালত। গতবছর ১৫ ডিসেম্বর আধার সংযোগের সময়সীমা ৩১ মার্চ পর্যন্ত বাড়িয়েছিল সুপ্রিমকোর্ট।

শুটিংয়ের সেটে হঠাৎ অসুস্থ অমিতাভ

যোধপুর, ১৩ মার্চ ঃ বিজয়কৃষ্ণ আচার্যর ‘থাগস অফ হিন্দুস্তান’ ছবির শুটিং করতে যোধপুরে গিয়েছিলেন অমিতাভ বচ্চন। মঙ্গলবার সকালে আচমকা শুটিং সেটে অসুস্থ হয়ে পড়েন তিনি। বিগ–বি–র চিকিৎসার জন্য এদিন মুম্বই থেকে ডাক্তাররা যান যোধপুরে। তবে তাঁর প্রাথমিক চিকিৎসা করেছেন রাজস্থানের চিকিৎসকরাই। মেগাস্টারকে তাঁরা মুম্বইয়ে ফিরে যাওয়ার পরামর্শ দেন। কিছুদিন থেকেই শরীর ভালো যাচ্ছে না ৭৫ পেরোনো অমিতাভ বচ্চনের। মঙ্গলবার ভোরে ব্লগে তাই জানিয়েছেন তিনি। শরীর ভালো না থাকায় ডাক্তারদের সঙ্গে কথা বলবেন বলেও উল্লেখ করেছেন। যোধপুরের যে হোটেলে তিনি রয়েছেন সেখানকার কর্মচারীরা জানিয়েছেন, রাতভর শুটিংয়ের জন্য অসুস্থ হতে পারেন।

পিঠে ব্যথা নিয়ে গত মাসে লীলাবতী হাসপাতালে ভরতি হয়েছিলেন অমিতাভ। প্রাথমিক চিকিৎসার পর তাঁকে ছেড়ে দেওয়া হয়েছিল। প্রতি মাসেই নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করান তিনি। গত শতাব্দীর সাত ও আটের দশকের বহু ছবির শুটিংয়ে জখমও হয়েছিলেন। বহুদিন তাঁকে হাসপাতালে থাকতে হয়েছে। এখন মাঝে মাঝেই ঘাড় শক্ত হয়ে যায়। কাঁধে ব্যথা হয়। ‘পুরোনো ক্ষত থেকে এসমস্ত হচ্ছে’, গতবছর এমনই মন্তব্য করেছিলেন বিগ–বি। ‘থাগস অফ হিন্দুস্তান’–এর জন্যও প্রচুর পরিশ্রম করতে হয়েছে তাঁকে। অনুরাগীরা তাঁর সুস্থ জীবন কামনা করছেন।

কৃষক বিপ্লবে হাত পড়ুয়াদেরও

মুম্বই, ১৩ মার্চ ঃ পঞ্চাশ হাজারের কৃষকের মিছিল ১৮০ কিলোমিটার হেঁটে দখল করল মুম্বইয়ের রাজপথ। সর্বক্ষণ সেই মিছিলের পাশে পাশে ছিলেন স্কুল–কলেজের পড়ুয়া, স্বেচ্ছাসেবী সংস্থা থেকে মুম্বইয়ের বিখ্যাত ডাব্বাওয়ালারাও। ঘরে বসেও এই কৃষকদের সঙ্গে পা মিলিয়েছিলেন দেশের কয়েক কোটি মানুষ। লাল নিশানের রংয়ে চোখ ধাঁধিয়ে গিয়েছিল বিজেপি শাসিত সরকারের। প্রাথমিক টালবাহানার পর কৃষকদের সব দাবিই মেনে নেন দেবেন্দ্র ফড়নবিশ। ত্রিপুরা বিধানসভা ভোটে সিপিএমের ভরাডুবির পর রাতারাতি দলের কৃষক সভার এমন মারকাটারি প্রত্যাবর্তন দেখে ভ্রূ কুঁচকে গিয়েছে রাজনৈতিক পর্যবেক্ষকদের। এই ইন্দ্রজাল কীভাবে সম্ভব হল, তা নিয়ে ইতিমধ্যে জল্পনা শুরু হয়েছে। শোনা যাচ্ছে, হিমঘর থেকে বামপন্থাকে তুলে আনার কৃতিত্ব দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের এক প্রাক্তনীর। তিনি হলেন সর্বভারতীয় কৃষক সভার যুগ্ম সম্পাদক বিজু কৃষ্ণান।

কেরলের কান্নুর জেলার কারিভেলুর গ্রামে জন্ম বিজুর। সাত দশক আগে এই অঞ্চলের কৃষকরাই ব্রিটিশ সাম্রাজ্যবাদ ও জোতদারদের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন। জ্ঞান হওয়া ইস্তক কৃষক সংগ্রামের সেই রূপকথা শুনে মুখস্থ হয়ে গিয়েছে বিজুর। লড়াই তাঁর হাড়ে–মজ্জায়, শিরায়–শিরায়। জেএনইউ–তে পড়ার সময় এসএফআইয়ের আগুনখোর ছাত্রনেতা হিসেবে পরিচিত হন। সেখানে গবেষণা করেন ভারতের কৃষি অর্থনীতি নিয়ে। পরে কৃষক সভার দায়িত্ব নেন তিনি। এরপর বেঙ্গালুরুর সেন্ট জোসেফ কলেজে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে যোগ দেন। কয়েক বছর শিক্ষকতা করার পর চাকরি ছেড়ে সর্বক্ষণের কর্মী হয়ে লেগে পড়েন কৃষক সংগঠনের কাজে। বিজুর নেতৃত্বেই নাসিক থেকে মুম্বই মহামিছিল কাঁপুনি ধরিয়ে দিয়েছে শাসক বিজেপির। সিপিএমের কেন্দ্রীয় কমিটির কনিষ্ঠতম সদস্য বিজু বলছিলেন, এই সমাবেশ রাতারাতি হয়নি। কয়েক বছর অক্লান্ত চেষ্টার ফসল এই জমায়েত। তাঁর কথায়, ‘বিজেপি সরকারের কৃষক বিরোধী নীতির জেরে কৃষকদের মধ্যে ক্ষোভবিক্ষোভ জমা হচ্ছিল। গত দুবছর রাজস্থান, কর্ণাটক, মধ্যপ্রদেশ সহ বিভিন্ন রাজ্যে সেই ক্ষোভ নানা আন্দোলনের মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে। তারই একটা ঘনীভূত রূপ দেখল মুম্বই। আর কিছু না হোক, কৃষক সভার শক্তিটা অন্তত লোকে টের পেয়েছে। আশা করা যায়, ভবিষ্যতে এই শক্তি কাজে লাগবে। সফল কৃষক বিক্ষোভ সিপিএমের পুনরুত্থানের নিশান কি না, প্রশ্ন করা হলে, বিজুর জবাব, এটা বিজেপি সরকারের কৃষক বিরোধী নীতির বিরুদ্ধে জমায়েত।

মুম্বইয়ের সাম্প্রতিক কৃষক বিক্ষোভে সিপিএমের কৃষক ফ্রন্ট বড়ো ভূমিকা নিলেও নকশাল, মাওবাদীদের ভূমিকাও কম ছিল না। এই বিষয়ে প্রশ্ন করা হলে বিজুর বক্তব্য, ‘সিপিআইএমএল, নকশাল, মাওবাদী সহ বিভিন্ন বাম দল থাকবে এটাই প্রত্যাশিত। কিন্তু এর জন্য মাওবাদীদের কোনো কৃতিত্ব দিতে আমরা রাজি নই।’

ইন্ডিগো, গোএয়ার–এর বহু উড়ান বাতিলে বিপাকে যাত্রীরা

মুম্বই, ১৩ মার্চ ঃ মাঝ আকাশে ইঞ্জিনে যান্ত্রিক ত্রুটি ধরা পড়ায় ইন্ডিগোর একটি বিমানকে আমেদাবাদ বিমানবন্দরে নামতে হয়েছিল। ঘটনার রেশ কাটতে না কাটতেই যান্ত্রিক ত্রুটির কারণেই গোএয়ার–এর একটি বিমানকে মঙ্গলবার দিল্লি বিমানবন্দরে নামতে হয়েছে। পরপর এমন ঘটনায় যাত্রী সুরক্ষার কথা মাথায় রেখে ১১টি এ৩২০ নিওপ্লেনকে বসিয়ে দিয়েছে অসামরিক পরিবহণ মন্ত্রক। এর মধ্যে আটটি ইন্ডিগোর এবং তিনটি বিমান গোএয়ারের। আপাতত বিমানগুলির উড়ান বন্ধ থাকবে। ডিজিসিএ–র নির্দেশে বিপাকে পড়েছেন যাত্রীরা। পরিস্থিতি সামলাতে যাত্রীদের অন্য বিমানে গন্তব্যে পাঠিয়ে দেওয়ার ব্যবস্থা করা হবে বলে ইন্ডিগোর মুখপাত্র জানিয়েছেন।

পিডব্লিউ১১০০ ইঞ্জিনযুক্ত ১১টি এ৩২০ বিমানের উড়ান বন্ধ। ডিজিসিএ (ডিরেক্টর জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন)–র পক্ষ থেকে বলা হয়েছে, যাত্রীসুরক্ষায় কোনো ঝুঁকি নেওয়া যাবে না। এ৩২০ নিও প্লেনগুলিতে মার্কিন বিমানসংস্থা প্র্যাট অ্যান্ড হুইটনি–র ইঞ্জিন রয়েছে। ইন্ডিগো ও গোএয়ার আপাতত বিমানগুলি চালানো বন্ধ রেখেছে। তবে কতদিন পর্যন্ত বিমানগুলি চালানো বন্ধ রাখতে হবে সে বিষয়ে কিছু জানা যায়নি। যে সংস্থার ইঞ্জিনকে ঘিরে বিপত্তি, সেই প্র্যাট অ্যান্ড হুইটনি কর্তৃপক্ষ জানিয়েছে, ইঞ্জিনের ত্রুটি দূর করতে তাঁরা উদ্যোগী হয়েছে। পরিস্থিতির দিকে নজর রাখা হয়েছে বলে জানিয়েছে ডিজিসিএ।

মাও হামলায় হত ৯ জওয়ান

রায়পুর, ১৩ মার্চ ঃ দিন দশেকও কাটল না। বিজাপুরে পুলিশি হামলার বদলা নিল মাওবাদীরা। মঙ্গলবার তারা ছত্তিশগড়ের সুকমায় মাইনরোধী গাড়ি উড়িয়ে দিয়েছে। ওই ঘটনায় অন্তত ৯ জন সিআরপিএফ জওয়ানের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ৬ জন। তাঁদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। ওই জওয়ানদের রায়পুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। প্রশাসনের আশঙ্কা, মৃতের সংখ্যা আরও বাড়তে পারে। এদিনের ঘটনার নিন্দা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং। পাশাপাশি, শহিদ জওয়ানদের পরিবারের প্রতি গভীর সমবেদনাও জানিয়েছেন। একটি টুইটে রাজনাথ বলেন, বীর জওয়ানরা দেশরক্ষার ব্রত নিয়ে যেভাবে জীবন দিলেন, তার কোনো তুলনা হয় না। মানুষ কখনও শহিদদের ভোলে না। আর একটি টুইটে তিনি লেখেন, যা–ই ঘটুক, সন্ত্রাসের সঙ্গে সরকার আপস করবে না। সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে কঠোরতম অবস্থান থেকে সরে আসারও কোনো প্রশ্ন নেই। মাওবাদীদের বিরুদ্ধে অভিযান চলবে। রাজনাথ বলেন, নিহত জওয়ানদের পরিবারকে যাবতীয় সাহায্য দেবে সরকার। আহতদের চিকিৎসার দায়ও সরকারের।

ছত্তিশগড় পুলিশের নকশাল দমন শাখার স্পেশাল ডিরেক্টর ডি এম অবস্তি বলেন, এদিন সকালে মাওবাদী প্রভাবিত সুকমা জেলায় তল্লাশি অভিযান চলছিল। মঙ্গলবার দুপুর বারোটা নাগাদ সিআরপিএফ–এর ২১২ নম্বর ব্যাটেলিয়নের একটি কনভয় কিস্টারাম থেকে পালধির দিকে যাচ্ছিল। সেই সময়ে কিস্টারাম থানা এলাকায় গভীর জঙ্গলের মধ্যে মাওবাদীরা বিস্ফোরণ ঘটায়। তাতেই উড়ে যায় মাইনরোধী ওই গাড়ি। সুকমাতেই দু–দিন আগে মুখ্যমন্ত্রী রমণ সিং ঘুরে যান। তারপরেই এই ঘটনা। ঘটনাস্থলে অতিরিক্ত বাহিনী পাঠানো হয়েছে।

গত ২ মার্চ ছত্তিশগড়ের বিজাপুর জেলার পূজারি কাঁকের এলাকার জঙ্গলে সিআরপিএফ–এর হামলায় মৃত্যু হয় এক শীর্ষনেতা সহ ১২ মাওবাদীর। আজকের ঘটনা তারই পালটা হিসেবে মনে করা হচ্ছে। গত বছর এই সুকমাতেই ঠিক একই ধাঁচের হামলায় ১২ জন জওয়ানকে হত্যা করেছিল মাওবাদী গেরিলারা।

নিশানায় লেখক

বেঙ্গালুরু, ১৩ মার্চ ঃ সাংবাদিক গৌরী লঙ্কেশ হত্যাকাণ্ডের তদন্তে নেমে আততায়ীদের আরও এক ষড়যন্ত্রের হদিস পেল মহারাষ্ট্র পুলিশ। গৌরী লঙ্কেশের পর আততায়ীদের নিশানায় ছিলেন মহীশূরের যুক্তিবাদী লেখক কেএস ভগবান। গৌরী হত্যাকাণ্ডে অভিযুক্ত হিন্দু যুব সেনা–র প্রধান কেটি নবীন কুমারকে দিয়েই ভগবানকে খুন করার ছক কষা হয়েছিল বলে পুলিশ জানতে পেরেছে। ভারপ্রাপ্ত আধিকারিকেরা জানান, নবীন কুমারকে গ্রেফতার করতে আর এক সপ্তাহ দেরি হলেই ভগবানের উপর হামলা হতে পারত। তাই কেএস ভগবানকে খুনের চেষ্টা এবং অপরাধমূলক ষড়যন্ত্রের মামলা রুজু করা হয়েছে বলে জানান বেঙ্গালুরুর ডেপুটি পুলিশ কমিশনার (পশ্চিম) তথা গৌরী হত্যার তদন্তে গঠিত সিট–এর প্রধান এমএন অচ্যুতানন্দ। নবীন কুমারের বয়ানের সত্যতা যাচাই করতে তার নারকো টেস্ট করা হবে।

NIT NO.-07(2017-18)

Sealed Tenders are invited from the bonafide agencies having experience in printing of different format or similar type of materials printing work. Details will be available from the office of the undersigned during office hours. Last date of submission of tender. 22/3/2018 upto 3 PM.

Sd/-
District Project Officer
Sarva Shiksha Mission
Siliguri

বিজ্ঞপ্তি

আলিপুরদুয়ার জিলা পরিষদের ২০টি হাটের ইজারার জন্য বিজ্ঞপ্তি স্মারক সংখ্যা ঃ ৪০৬/(৩০)/(জি.প) তাং ঃ ১২/০৩/২০১৮ অনুযায়ী আগামী ২১/০৩/২০১৮ তারিখ বুধবার বেলা ২টা পর্যন্ত দরপত্র আহ্বান করা হচ্ছে। বিস্তারিত বিবরণের জন্য বিভিন্ন ব্লকের এবং আলিপুরদুয়ার জিলা পরিষদের নোটিশ বোর্ড দ্রষ্টব্য।

স্বাঃ/-
সচিব
আলিপুরদুয়ার জিলা পরিষদ

Notice Inviting Tender : 06 of 2017-18

The District Project Officer, Sarva Shiksha Mission, Siliguri invites tenders for supplying various fabricating and ready to use items as rehabilitation aids/appliances for the students with special needs having sufficient credentials for similar nature of job. For details please visit the office of the undersigned during office hours on and from 14.03.2018.

District Project Officer
Sarva Shiksha Mission
Siliguri Mahakuma Parishad

ABRIDGED TENDER NOTICE

Sealed Tenders are invited by the Executive Engineer, Cooch Behar Division, P.H.E. Dte. for "Different type of works, against N.I.T. No.-19 / CD/ 2017-2018. Memo No. 2587/ CD. Date-09.03.2018, Last Date of application : 26.03.2018 upto 2.00 P.M." under Office of the Executive Engineer, Cooch Behar Division, P.H.E. Dte.

Details may be viewed in the PHED website and also available at the Office of the Executive Engineer, Cooch Behar Division, P.H.E. Dte. during working hour on working day.

Executive Engineer,
Cooch Behar Division
P.H. Engineering, Dte.

UTTAR BANGA KRISHI VISWAVIDYALAYA
PUNDIBARI, COOCH BEHAR.
Tender Notice

The University is interested to purchase various types of Crockery items vide notification UBKV/Est. (T&P-02)/74/2017-18 dt. 12/03/2018. For details please see the website **www.ubkv.ac.in**

Registrar (Actg.)

Abridged e-Tender Notice

e-Tenders are invited by the Executive Engineer, Cooch Behar Division, P.H.E. Dte. from the reputed, bonafied, financially sound & experienced agency/ firm for the work of **"Different Works related to PWSS in the District Cooch Behar"** against follwing NIeT

1) NIe-T No. : 20/CD/2017-2018

Last date of Document Download (online) for both Tenders : 06.04.2018 up to 03:00 P.M.

Details may be viewed in the http://www.wbtenders.gov.in website.

Executive Engineer,
Cooch Behar Division,
P.H. Engineering Dte.

Memo No. 1388 Dated : 13.3.18

TENDER NOTICE

Sealed Tender are invited by the Medical Superintendent-Cum-Vice Principal, North Bengal Medical College & Hospital, P.O. Sushrutnagar, Dist. Darjeeling from intending bidders for **SUPPLY OF MEDICINES** for North Bengal Medical College and Hospital. Other details can be seen from the office Notice Board of visit office of the undersigned during working hours and working days also as well as in official website www.nbmch.org/.

"Forms are available at the office of undersigned or may download from the above website"

Sd/-
Medical Superintendent-Cum-Vice Principal
NBMC&H, Sushrutanagar, Darjeeling

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

(নির্মাণ সংস্থা)

টেন্ডার বিজ্ঞপ্তি নং.: সিওএন/২০১৮/এমএআর/০১; তারিখ: ০৯.০৩.২০১৮।

নিম্নলিখিত কাজের জন্য অভিজ্ঞ এবং সুখ্যাত ঠিকাদার/ফার্ম থেকে ই-টেন্ডার প্রণালী মাধ্যমে ওপেন টেন্ডার আহ্বান করা হচ্ছে:- **টেন্ডার নং.: সিই/সিওএন/এন-জি/বিএলএস/২০১৮/০২। কাজের নাম:** ডিকিউজি (ব্যতীত) কিমি ৬৬/০ থেকে এনওকিউ ইয়ার্ড (ব্যতীত) কিমি ১৪৩/৯ শাখার (এনএমএক্স-জিইউজেড, এনসিবি-জিইউজেড এবং এনসিবি-এসএমটিএ সম্পর্কিত) বিজি ডাবলিং প্রোজেক্ট-এর জন্য পাকুড়/তালঝারি/বাকুডি/সাহেবগঞ্জ পাথরখাত থেকে অনুমোদিত মানের ৫০ মিমি মাপের শক্ত মেশিনে ভাঙা পাকুড় ভ্যারাইটি স্টোন ব্যালাস্ট উৎপাদন এবং সরবরাহ। **সম্পাদনের মেয়াদ:** ৬ (ছয়) মাস। **টেন্ডার মূল্য:** ₹৯,৮৮,৭৫,০০০; **বায়না অর্থ:** ₹৬,৪৪,৩৮০; **টেন্ডার জমা দেওয়ার তারিখ:** ৩০ মার্চ, ২০১৮ থেকে ১৩ এপ্রিল, ২০১৮ তারিখ ১৪.৩০টা পর্যন্ত; **খোলার তারিখ এবং সময়:** ১৩ এপ্রিল, ২০১৮ তারিখ ১৫.৩০টা। **বিশদ বিবরণের জন্য অনুগ্রহ করে ওয়েবসাইট www.ireps.gov.in দেখুন।**

চিফ ইঞ্জিনিয়ার/কনস্ট্রাকশন-৫
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে, মালিগাঁও

প্রসন্নচিত্তে রেল পরিষেবা

বিসিএম ও এসবিসিএম মেশিনের জন্য স্পেয়ার সরবরাহ

ই-প্রকিউরমেন্ট টেন্ডার নোটিশ নম্বর ২০১৭-১৮-র ট্র্যাক মেশিন ০৯ তারিখ ঃ ১২-০৩-২০১৮। নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন মালিগাঁওয়ের চিফ ইঞ্জিনিয়ার/টিপি। **টেন্ডার নম্বর ঃ** টিএমসি০৯০১২০১৭, **আইটেমের সংক্ষিপ্ত বিবরণ ঃ** বিসিএম এবং এসবিসিএম মেশিনের জন্য স্পেয়ার সরবরাহ। **টেন্ডার মূল্য ঃ** ৪৩,৮৮,৫৮৫/- টাকা, **বায়নার পরিমাণ ঃ** ৮৭,৮০০/- টাকা। **ই-টেন্ডার জমা দেওয়ার শেষ তারিখ ও সময় ঃ** ০৫-০৪-২০১৮ তারিখ অপরাহ্ণ ৩-০০টা। **ই-টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ** ০৫-০৪-২০১৮ তারিখ অপরাহ্ণ ৩-৩০ মিনিট। টেন্ডার নথিপত্র-সহ উল্লিখিত ই-টেন্ডারের বিস্তারিত তথ্য ০৫-০৪-২০১৮ তারিখ অপরাহ্ণ ২-৩০ মিনিট পর্যন্ত **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডেপুটি চিফ ইঞ্জিনিয়ার/টিএমসি
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে

"হাসি মুখে গ্রাহকদের পরিষেবায় ব্রতী"

কাটিহার ডিভিসনে মেডিক্যাল প্র্যাকটিশনার্স পদের জন্য ওয়াক-ইন-ইন্টারভিউ

চুক্তির ভিত্তিতে মেডিক্যাল প্র্যাকটিশনার্স সহ রাজ্য সরকার অথবা কেন্দ্রীয় সরকার-এর অবসরপ্রাপ্ত সরকারি মেডিক্যাল অফিসার্স নিয়োগের জন্য নিম্নে প্রদত্ত সময় এবং স্থানে ওয়াক-ইন-ইন্টারভিউ অনুষ্ঠিত হবে: **পদের সংখ্যা: 09, সম্প্রদায়গত বিভাজন:** (অসংরক্ষিত-05, অন্যান্য অনগ্রসর শ্রেণী-02, তপশিলি জাতি-01, তপশিলি উপজাতি-01)।

স্টেশনের নাম:

ক্র. নং.	হাসপাতাল/স্বাস্থ্যকেন্দ্রের নাম	পদের সংখ্যা	বিভাগ
1	রেলওয়ে হাসপাতাল/এনজেপি	04	02-জিডিএমও, 02-স্পেশালিস্ট 01-পেডিয়াট্রিশিয়ান, 01-মেডিসিন
2	এসজিইউজে কলোনি/স্বাস্থ্যকেন্দ্র	01	01 জিডিএমও
3	এসজিইউজে/স্বাস্থ্যকেন্দ্র	01	01 জিডিএমও
4	তিনধারিয়া/হাসপাতাল	01	01 জিডিএমও
5	বারসোই/স্বাস্থ্যকেন্দ্র	01	01 জিডিএমও
6	সামসি/স্বাস্থ্যকেন্দ্র	01	01 জিডিএমও

(i) প্রার্থীর বয়স 01.04.2018 তারিখ অনুযায়ী 60 বছরের অধিক হওয়া চলবে না। **(ii)** অবসরপ্রাপ্ত সরকারি মেডিক্যাল অফিসারের জন্য বয়সসীমা 65 বছর সাপেক্ষে নিযুক্তির মেয়াদ হবে 05 বছর।

শিক্ষাগত/কারিগরি যোগ্যতা: (ক) জেনারেল ডিউটি: প্রার্থীকে একটি স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস ডিগ্রিধারী হতে হবে এবং অবশ্যই এক বছরের রোটেটিং ইন্টার্নশিপ সম্পাদন করে থাকতে হবে এবং মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়ার বৈধ রেজিস্ট্রেশন শংসাপত্রের অধিকারী হতে হবে। **(খ) স্পেশালিস্ট:** প্রার্থীকে এমবিবিএস ডিগ্রি সহ একটি স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্পেশালিস্ট রূপে নির্দিষ্ট বিষয়/ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রি/ডিপ্লোমার অধিকারী হতে হবে এবং মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া-এর নথিভুক্ত হতে হবে। আগ্রহী যোগ্য প্রার্থী যারা আবশ্যক যোগ্যতা এবং বয়স পূরণ করবেন এবং উপরোক্ত নিযুক্তিতে আগ্রহী হবেন তাদের **চিফ মেডিক্যাল সুপারিনটেন্ডেন্ট, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে, কাটিহার জংশন-854105**-এর কার্যালয়ে **17.04.2018** তারিখ **10.00**টায় সমস্ত **শংসাপত্র/নথিপত্রের মূল** কপি এবং প্রত্যয়িত নকল এবং দুটি পাসপোর্ট মাপের ছবি সহ **“ওয়াক-ইন-ইন্টারভিউ”**-এর জন্য উপস্থিত থাকতে অনুরোধ করা হচ্ছে। কোন ভুল তথ্য/শিক্ষাগত যোগ্যতার জাল শংসাপত্র/নথিপত্র ইত্যাদি ক্ষেত্রে প্রার্থীদের বিরুদ্ধে ভারত সরকারের বলবৎ আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

বিস্তারিত বিজ্ঞপ্তি এবং আবেদনপত্রের বয়ান নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে এবং **www.nfr.indianrailways.gov.in** (general info-departments-personnel-walk in interview) থেকে পাওয়া যাবে।

সিনিয়র ডিভিসনাল পার্সোনেল অফিসার, কাটিহার

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে রেল পরিষেবা

Jaigaon Development Authority
(A Statutory Organization of Govt. of West Bengal)
Abridged Expression Of Interest Notice

EOI are invited by the undersigned from the intending agencies for annual leasing out both side streetlight ploes at (i) N.S Road, Jaigaon, (ii) M.G. Road, Jaigaon & (iii) College Road, Jaigaon. Last date of submission of bids is 20-03-2018 upto 3.00 P.M. For further details, please visit JDA office, Jaigaon within Working Hours or visit **https://jdaonline.co.in**

Sd/-
ADM, Alipurduar &
Executive Officer, JDA

Jaigaon Development Authority
(A Statutory Organization of Govt. of West Bengal)
Inviting Expression of Interest (EOI)

Sealed EOI is invited from the eligible Architectural Consultancy Firms for preparation of Detailed Project Report (DPR) for construction of a proposed Indoor Stadium at Jaigaon. The last date of submission of bid is 22-03-2018 during office hrs. For further details, please enquire at JDA office, Jaigaon during office hrs. or log on to **www.jdaonline.co.in**

Sd/-
ADM, Alipurduar &
Executive Officer, JDA

উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাংক
সদর দপ্তর ঃ সুনীতি রোড, কোচবিহার–৭৩৬১০১
পশ্চিমবঙ্গ
(সেন্ট্রাল ব্যাংক অফ ইন্ডিয়া কর্তৃক স্পনসর্ড)

আঞ্চলিক কার্যালয় ঃ কোচবিহার
মরাপোড়া দিঘি মোড়ের কাছে, কোচবিহার–৭৩৬১০১, পঃবঃ
ফোন ঃ ০৩৫৮২–২২৯০১০, ফ্যাক্স ঃ ০৩৫৮২–২২৯৫৬০, ই–মেল ঃ ubkgbaoc@gmail.com

পরিশিষ্ট–IV
[রুল–৮(১)]
দখল নোটিশ

যেহেতু ঃ

নিম্নস্বাক্ষরকারী উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাংক, কোচবিহার অঞ্চল, কোচবিহারের অনুমোদিত আধিকারিক হওয়ার সুবাদে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনানসিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টাররেস্ট, অ্যাক্ট ২০০২–এর অধীন এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস–এর রুল ৯ সহযোগে পঠিত সেকশন ১৩(১২)–এর অধীন অর্পিত ক্ষমতাবলে ১৫.০৬.২০১৭ তারিখে লোন অ্যাকাউন্ট নং–৪০০০৮১১৩৩০০০৬৯৪২–এর বিষয়ে একটি ডিমান্ড নোটিশ জারি করে ঋণগ্রহীতা পঞ্চমুখী স্বনির্ভর গোষ্ঠী, গ্রাম–কুর্শামারি, ডাকঘর– কুর্শামারি, থানা–মাথাভাঙ্গা, জেলা ঃ কোচবিহারকে নোটিশে বর্ণিত অর্থাঙ্ক টাঃ ৮,৭৮,৭২০.০০ (আট লক্ষ আটাত্তর হাজার সাতশত কুড়ি টাকা মাত্র) উক্ত নোটিশ ইশ্যুর তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার আহ্বান জানিয়েছিলেন।

ঋণগ্রহীতা অর্থাঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হওয়ায় এতদ্বারা ঋণগ্রহীতাকে এবং জনসাধারণকে সাধারণভাবে নোটিশ দেওয়া হচ্ছে যে নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল ৯ সহযোগে পঠিত উক্ত আইনের সেকশন ১৩(৪)–এর অধীন তাকে অর্পিত ক্ষমতাবলে নিম্নে বর্ণিত সম্পত্তির ২০১৮–এর মার্চ মাসের ৯ম দিবসে দখল নিয়েছেন।

ঋণগ্রহীতাকে নির্দিষ্টভাবে এবং জনসাধারণকে সাধারণভাবে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে তারা যেন সম্পত্তিটি নিয়ে লেনদেন না করেন এবং সম্পত্তিটি নিয়ে যে কোনো লেনদেন টাঃ ৮,৭৮,৭২০.০০ এবং তদুপরি সুদের জন্য উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাংক, কোচবিহার অঞ্চলের চার্জ সাপেক্ষে হবে।

স্থাবর সম্পত্তির বিবরণ ঃ

জেলা– কোচবিহার, ডাকঘর–কুর্শামারি, থানা–মাথাভাঙ্গা, মৌজা / তালুক–কুর্শামারি, জেএল নং–১১৩, থাক নং – ২৬৫, আরএস খতিয়ান নং–৬৮২, এলআর খতিয়ান নং–৭৭০, আরএস দাগ নং / প্লট নং–১১৪৭, এলআর দাগ নং / প্লট নং–১২৬১, জমির আয়তন–১৪ ডেসিমেল, জমির শ্রেণিবদ্ধকরণ– বাস্তু, জমির স্বত্বাধিকারী–পঞ্চমুখী স্বনির্ভর গোষ্ঠী, দলিল নং I–২৮১৮/১৩।

চৌহদ্দিঃ

উঃ –তারক অধিকারী ও যশোধর বর্মন। পূঃ– কাঁকুরে রাস্তা। দঃ– তারক অধিকারী। পঃ– ধরনী বর্মন।

তারিখ ঃ ০৯.০৩.২০১৮
স্থান ঃ কুর্শামারি

অনুমোদিত আধিকারিক
উত্তরবঙ্গ ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাংক
কোচবিহার আঞ্চলিক কার্যালয়
কোচবিহার

উত্তরবঙ্গে ২১ বছর ধরে Top Ranking
বৃহত্তম ও সর্বশ্রেষ্ঠ ISO Clinic সেবা হারবাল
India No 1, World Class, Best ঔষধ ও ডাক্তার
সহবাসে অক্ষমতা
শীঘ্রপতন, লিঙ্গশিথীলতা
স্বপ্নদোষ, লিঙ্গ/সরু/বাঁকা
ধাতুপাতলা, শুক্রাণুস্বল্পতা
Sex Time 40-60 মিনিট বাড়ে
প্রথম দিন থেকে ১০০% গ্যারান্টি রেজাল্ট। বিফলে মূল্য ফেরত।
অতি অল্প খরচে ৭ দিনেই স্থায়ী কার্যকরী
৬৫ বছরে ও ভরপুর যৌবন শক্তি - ২৫ বছরের মতো
সর্ব প্রথম ও একমাত্র American Kopa
লিঙ্গবর্ধক যন্ত্র ও জার্মান তেল পাওয়া যায়।
সেবা হারবাল®
শিলিগুড়ি পানিট্যাঙ্কি মোড়- 9933545917

25 বছরের অভিজ্ঞ No 1 হারবাল- হোমিও
ভারতের সর্বশ্রেষ্ঠ SEX চিকিৎসা
যৌন রোগ বিশেষজ্ঞ
সহবাসে অক্ষমতা, স্বপ্নদোষ, ক্ষুদ্রলিঙ্গ ধাতু পাতলা, শীঘ্রপতন ১০০% গ্যারান্টী সুচিকিৎসা
প্রথম দিনেই কাজ, অতি অল্প খরচে- সাধ্যের মধ্যে
৭৫ বছরেও ভরপুর যৌবন শক্তি-সেই আগের মত
AMERICAN MEGA লিঙ্গ বর্ধক যন্ত্র ও তেল যা ব্যবহারে লিঙ্গ 7-10 ইঞ্চি লম্বা, মোটা ও শক্তিশালী হয় সেক্স টাইম 30-40 মি. বাড়ে
T&C Apply
No side Effect
আনন্দ হার্বাল™
শিলিগুড়ি:হিলকার্ট রোড, SBI বিল্ডিং-এর পাশে
81588-17822

উত্তরবঙ্গ তথা ভারতের সর্বশ্রেষ্ঠ
যৌন রোগ বিশেষজ্ঞ ডাক্তার ও
India No.1 Topmost best SEX ঔষধ
সহবাসে অক্ষমতা, শীঘ্র পতন
স্বপ্নদোষ, ধাতু পাতলা, ক্ষুদ্র লিঙ্গ
প্রথম দিন থেকে কাজ করে
400 ও 800 টাকায় ফুল কোর্স
100% গ্যারান্টি রেজাল্ট, বিফলে মূল্য ফেরত
76 বছরেও ভরপুর যৌবন শক্তি-সেই আগের মতো
American HQ- লিঙ্গবর্ধক যন্ত্র ও জার্মান তেল ব্যবহারে লিঙ্গ 6"-11" লম্বা 2"-3" মোটা, শক্তিশালী ও দৃঢ় হয়। সেক্স টাইম 30-60 মিনিট বাড়ে।
আস্থা আয়ুর্বেদ™
শিলিগুড়ি জংশনের বিপরীতে, দিল্লী হোটেলের পাশে
9564639095, 9933719295

সব বিজ্ঞাপন দেখুন, তারপর সঠিক সিদ্ধান্ত নিন।
চিকিৎসা করাতে হলে
ডাক্তারের নাম দেখে চিকিৎসা করান
সুচিকিৎসার জন্য ভেলোর, চেন্নাই বা কলকাতাতে ছুটতে হবে না
এখন কোচবিহারে ভারত বিখ্যাত আয়ুর্বেদ বিশেষজ্ঞ
“সিনিয়র আয়ুর্বেদিক মেডিক্যাল অফিসার”
ডাঃ সুপ্রকাশ কুন্ডু
১৮ বছর ধরে লক্ষাধিক রোগী উপকৃত
নার্ভের দুর্বলতা, কিডনি, লিভার, বাত, সোরাইসিস, শ্বেতী ও অনান্য চর্মরোগ, অর্শ, চুল, পেটের রোগ, হাঁপানি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব, শীঘ্রপতন, লিঙ্গ শিথিলতা/ক্ষুদ্রতা সহ যে কোনো
যৌন সমস্যার ১০০% সুচিকিৎসা
স্থান: আত্রেয় আয়ুর্বেদ
তেঁতুলতলা মোড়, বিশ্বসিংহ রোড, কোচবিহার
☎ 98324 40355 / 03582 226995
ফোনে যোগাযোগ করে আসুন